# উপজেলা কৃষি ও সেচ কমিটি, সাতকানিয়া, চট্টগ্রাম এর সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব আনজুমান আরা ,মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সাতকানিয়া, চট্টগ্রাম।
স্থান ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়, সাতকানিয়া।
তারিখ ঃ ১১/১২/২০২২ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.৩০ টা
উপস্থিত সদস্যবৃন্দ ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | জনাব আনজুমান আরা | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২। | জনাব রুহুল্লাহ চৌধুরী | চেয়ারম্যান , চরতী ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। | জনাব রমজান আলী | চেয়ারম্যান , কাঞ্চনা ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪। | জনাব মোঃ আবু ছালেহ | চেয়ারম্যান , এওচিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫। | জনাব আ.ন.ম সেলিম উদ্দিন | চেয়ারম্যান , মাদার্শা ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৬। | জনাব নাছির উদ্দীন | চেয়ারম্যান , ধর্মপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৭। | জনাব প্রতাপ চন্দ্র রায় | উপজেলা কৃষি অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব প্রতাপ চন্দ্র রায়কে সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানানো হয়। সদস্য সচিব জানান আমন ধান কর্তন প্রায় শেষ হয়েছে । বিগত বছরের তুলনায় এ বছর ফলন ভালো হয়েছে । আসন্ন রবি মৌসুমে বিভিন্ন ইউনিয়নে বোরো বীজতলা করা হয়েছে । সরকারী খাদ্য গুদামে ধান ক্রয় ও ধানের দাম বৃদ্ধির ফলে এই বছর বোরো আবাদ বৃদ্ধির সম্ভাবনার কথা উল্লেখ করেন। এছাড়া সরকার প্রনোদনা কর্মসূচীর আওতায় রবি মৌসুমে ২৭০০ জন কৃষককে ৫ কেজি বীজ , ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার এবং ৫১৫০ জন কৃষককে ২ কেজি হাইব্রীড বীজ বিতরণ করার ফলে বোরো আবাদ বৃদ্ধি পাবে । বোরো ধান আবাদে নতুন নতুন স্কীম বসবে। উক্ত সেচ স্কীমে বিদ্যুৎ সংযোগের জন্য অনেক স্কীম মালিক আবেদন করেছেন । মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষি বান্ধব সরকার বিধায় কৃষকদের কৃষি যন্ত্রপাতি ক্রয়ে ৫০% ভূর্তকি দিচ্ছে। সাতকানিয়া উপজেলায় বিভিন্ন ২৫০০ হেক্টর রবি ফসল উৎপাদন হয় । কৃষকদের সুবিধার্থে ছদাহা ইউনিয়নের শিশুতল বাজারে হিমাগার স্থাপনের জন্য অনুরোধ জানান। এ ব্যাপারে সভার দৃষ্টি আর্কষণ করেন। বর্তমানে সার সরবরাহ স্বাভাবিক রয়েছে। আসন্ন রবি মৌসুমে জন্য অতিরিক্ত সারের প্রয়োজন হবে বলে জানান।
বিস্তারিত আলোচনার পর নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ১- সরকারী খাদ্য গুদামে ধান বিক্রয় করার জন্য প্রত্যেক ইউনিয়নে মাইকিং করা ও ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ দ্বারা বহুল প্রচার করে কৃষকদের নাম ধান বিক্রয় তালিকায় র্অন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-২ বোরো আবাদ নিবিগ্নে করার জন্য প্রত্যেক ইউনিয়নে মনিটরিং বৃদ্ধি ও কৃষকদের সঠিক সময়ে স্কীম বসানোর পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

সিদ্ধান্তঃ-৩ বিদ্যুৎ সংযোগের আবেদন সংশ্লিষ্ট উপ সহকারী কৃষি কর্মকর্তা সরেজমিন পরিদর্শন পূর্বক মতামত প্রদানের নিমিত্তে নির্ধারিত শর্তসাপেক্ষে প্রত্যায়ন পত্র প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্য সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( আনজুমান আরা )
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১২.১৮.১৫৮২.০৪১.৪০.০৩৫.২০.৭৯১(৫)

তারিখ: ২৬ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম।
২। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম।
৩। উপজেলা নির্বাহী অফিসার,সাতকানিয়া,চট্টগ্রাম
৪। চেয়ারম্যান ------------------ ইউনিয়ন পরিষদ ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি , সাতকানিয়া, চট্টগ্রাম।
৫। অফিস নথি,অত্র কার্যালয়।

১১/১২/২২

(প্রতাপ চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

CamScanner

# উপজেলা কৃষি ও সেচ কমিটি, সাতকানিয়া, চট্টগ্রাম এর সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব আনজুমান আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সাতকানিয়া, চট্টগ্রাম।

স্থান ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়, সাতকানিয়া।

তারিখ ঃ ০৪/১০/২০২২ খ্রিঃ

সময় ঃ সকাল ১১.৩০ টা

উপস্থিত সদস্যবৃন্দ ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | জনাব আনজুমান আরা | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২। | জনাব রুহুল্লাহ চৌধুরী | চেয়ারম্যান, চরতী ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। | জনাব রমজান আলী | চেয়ারম্যান, কাঞ্চনা ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪। | জনাব নজরুল ইসলাম | চেয়ারম্যান, এওচিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫। | জনাব আ.ন.ম সেলিম উদ্দিন | চেয়ারম্যান, মাদার্শা ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৬। | জনাব নাছির উদ্দীন | চেয়ারম্যান, ধর্মপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৭। | জনাব প্রতাপ চন্দ্র রায় | উপজেলা কৃষি অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন । উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব প্রতাপ চন্দ্র রায়কে সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানানো হয়। সদস্য সচিব বিগত সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং এতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্ব্বসম্মতিতে উক্ত কার্যপত্র গৃহীত হয়। তেল জাতীয় ফসলের আবাদ বৃদ্ধি করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর এক ইঞ্চি জমি ও অনাবাদি রাখা যাবে না এ ব্যাপারে নির্দেশনা রয়েছে। এ ব্যাপারে পতিত জমিতে বিভিন্ন সবজি ও কৃষকদের সরিষা, তিল, চিনাবাদাম আবাদে কৃষি বিভাগ পরামর্শ দিয়ে যাচ্ছে। উপজেলা পরিষদ থেকে ৪০০ জন কৃষককে ১ বিঘা করে জমির জন্য ১ কেজি সরিষা বীজ ,১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার প্রদানের ব্যাপারে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষন করেন। আসন্ন রবি মৌসুমে বিভিন্ন ইউনিয়নে বোরো ও শীতকালীন সবজির আবাদ শুরু হচ্ছে । নিরাপদ সবজি উৎপাদনে কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। পুরানগড়ের শীম , ছদাহার টমেটো ও খাগরিয়ার আলু সাতকানিয়ার সুনাম বৃদ্ধি করতেছে বিধায় কৃষকদের উপজেলা পরিষদ থেকে নিরাপদ সবজি উৎপাদনে সেক্স ফেরোমেন প্রদানের ব্যাপারে সভার দৃষ্টি আর্কষণ করেন। বর্তমানে সার সরবরাহ স্বাভাবিক রয়েছে।

বিস্তারিত আলোচনার পর নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-১ সবজি, আমন ও বোরো আবাদ নিবিগ্নে করার জন্য প্রত্যেক ইউনিয়নে মনিটরিং বৃদ্ধি ও কৃষকদের সময়োপযোগী পরামর্শ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। নিরাপদ ফসল উৎপাদনে কৃষকদের পাশে থাকার সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

CamScanner

৩। উপজেলা পরিষদ থেকে ৪০০ জন কৃষককে ১ বিঘা করে জমির জন্য ১ কেজি সরিষা বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার প্রদানের ব্যাপারে সহযোগীতার আশ্বাস প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( আনজুমান আরা )
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১২.১৮.১৫৮২.০৪১.৪০.০৩৫.২০.৬১৯(৫)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম।
২। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম।
৩। উপজেলা নির্বাহী অফিসার,সাতকানিয়া,চট্টগ্রাম
৪। চেয়ারম্যান ------------------ ইউনিয়ন পরিষদ ও সদস্য উপজেলা কৃষি ও সেচ কমিটি , সাতকানিয়া, চট্টগ্রাম।
৫। অফিস নথি,অত্র কার্যালয়।

4/10/22
(প্রতাপ চন্দ্র রায়)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

CamScanner